

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৮১ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

### আরবী

وَعَنهُ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ أَوَّلُ زُمْرَةٍ يَدْخُلُونَ الجَنَّةَ عَلَى صُورَةِ القَمَرِ لَيْلَةَ البَدْرِ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ عَلَى أَشَدّ كَوْكَب دُرِي فِي السَّمَاءِ إِضَاءَةً لاَ يَبُولُونَ وَلاَ يَتَغَوَّطُونَ وَلاَ يَتْفَوَّطُونَ وَلاَ يَتْفَوَّطُونَ وَلاَ يَتْفَوَّطُونَ وَلاَ يَتْفَوْ وَلَا يَتْفُونَ، وَلاَ يَمْتَخِطُونَ أَمْشَاطُهُمُ الذَّهَبُ وَرَشْحُهُمُ المِسْكُ وَمَجَامِرُهُمُ الأُلُوَّةُ – عُودُ الطِّيبِ – أَرْوَاجُهُمُ الحُورُ العِيْنُ عَلَى خَلْقِ رَجُلٍ وَاحِدٍ عَلَى صُورَةِ أَبِيهِمْ آدَمَ سِتُّونَ الطِّيبِ – أَرْوَاجُهُمُ الصَّاءِ متفق عَلَيْهِ فَيهَا الذَّهَبُ وَرَشْحُهُمُ المِسْكُ وَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمْ وَفِيهَا الذَّهَبُ وَرَشْحُهُمُ المِسْكُ وَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمْ وَفِيها الذَّهَبُ وَرَشْحُهُمُ المِسْكُ وَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمْ وَفِيها الذَّهَبُ وَرَشْحُهُمُ المَسْكُ وَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمْ وَفِيها الذَّهَبُ وَرَشْحُهُمُ المَسْكُ وَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمْ وَفِيها الذَّهَبُ وَرَشْحُهُمُ المَسْكُ وَلِكُلِّ وَاحِدٍ مِنْهُمْ وَوْ جَنُولَ اللهَ بُكْرَةً وَعَشِياً وَوَاجِدُ لَكُونَ اللهَ بُكْرَةً وَعَشِياً وَاحِدٍ يُسَبِّحُونَ اللهَ بُكْرَةً وَعَشِياً وَاحِدٍ يُسَبِّحُونَ اللهَ بُكْرَةً وَعَشِياً

#### বাংলা

(৩৮৮১) উক্ত রাবী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জান্নাতে প্রথম প্রবেশকারী দলটির আকৃতি পূর্ণিমা রাতের চাঁদের মত হবে। অতঃপর তাদের পরবর্তী দলটি আকাশের সবচেয়ে উজ্জ্বল নক্ষত্রের ন্যায় জ্যোতির্ময় হবে। তারা (জান্নাতে) পেশাব করবে না, পায়খানা করবে না, থুথু ফেলবে না, নাক ঝাড়বে না। তাদের চিরুণী হবে স্বর্ণের। তাদের ঘাম হবে কস্তুরীর ন্যায় সুগন্ধময়। তাদের ধুনুচিতে থাকবে সুগন্ধ কাঠ। তাদের স্ত্রী হবে আয়তলোচনা হুরগণ। তারা সকলেই একটি মানব কাঠামো, আদি পিতা আদমের আকৃতিতে হবে (যাদের উচ্চতা হবে) ষাট হাত পর্যন্ত।

বুখারী-মুসলিমের আর এক বর্ণনায় আছে যে, (জান্নাতে) তাদের পাত্র হবে স্বর্ণের, তাদের গায়ের ঘাম হবে কস্তুরীর ন্যায় সুগন্ধময়। তাদের প্রত্যেকের জন্য এমন দু'জন স্ত্রী থাকবে, যাদের সৌন্দর্যের দরুন মাংস ভেদ করে পায়ের নলার হাড়ের মজ্জা দেখা যাবে। তাদের মধ্যে কোন মতভেদ থাকবে না। পারস্পরিক বিদ্বেষ থাকবে না। তাদের সকলের অন্তর একটি অন্তরের মত হবে। তারা সকাল-সন্ধ্যায় তাসবীহ পাঠে রত থাকবে।

### ফুটনোট



## (বুখারী ৩২৫৪, ৩৩২৭, মুসলিম ৭৩২৫, ৭৩২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন